২৬ জুলাই | ২০১৬ সংখ্যা

স্পিটালফিল্ডস এবং এর আশেপাশের এলাকার সর্বশেষ সংবাদ

SPITALFIELDS
HOUSING ASSOCIATION LTD
স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশন লিঃ

ইনসাইড এস.এইচ.এ

www.spitalfieldsha.co.uk

টেক্সট ম্যাসেজ ২
স্টাফ পরিবর্তন ৩
সাফল্য কাহিনী ৪

স্পিটালফিল্ডস এর লক্ষ্য হলো নতুন ওয়েবসাইটের মাধ্যমে যোগাযোগ উন্নয়ন

নতুন ওয়েবসাইট এর মাধ্যমে যোগাযোগ উন্নতির লক্ষ্য স্পিটালফিল্ডসের আমাদের বাসিন্দা এবং স্টেকহোল্ডারসদের সাথে যোগাযোগ উন্নয়নের অঙ্গীকার হিসাবে এবং আমাদের সুষ্টু তথ্য প্রদানের প্রচেষ্টাকে উন্নত করতে স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশন একটি নতুন ওয়েবসাইট উদ্বোধন করেছে।

স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশনের এই নতুন ওয়েবসাইট আমাদের একই ওয়েব ঠিকানায় সচল হয়েছে ২০১৬ থেকে। **http://www.spitalfieldsha.co.uk.**

ওয়েবসাইটটির ব্যবহার সহজ থাকায় সংগঠনের বিভিন্ন সেবা সম্পর্কে আরও সহজেই জানতে পারবেন ব্যবহারকারীরা। নতুন ওয়েবসাইট স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশনকে বাসিন্দাদের সাথে আরও কার্যকরভাবে যোগাযোগ স্থাপনে সহযোগিতা করবে। বিশেষ করে অনেকেই যারা অনলাইনে তথ্য পেতে চান তাদের জন্য উপকারি হবে। নতুন ওয়েবসাইটটি দেখতে যেমন সতেজ, তেমনি সুশৃংখল ডিজাইন, সহজে নেভিগেট করার মতো লেআউট এবং উচ্চমাত্রার প্রবেশযোগ্যতা রয়েছে। স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশন যেসব সেবা প্রদান করে উন্নতমানের সহজ সরল ভাষায় এ সম্পর্কে তথ্য রয়েছে । বাসিন্দাদের এমন সুযোগ করে দিয়েছে ওয়েবসাইটটি, তারা এর মাধ্যমে সহজে মেরামত রিপোর্ট করতে পারবেন, অভিযোগ পেশ, রেন্ট পরিশোধ এবং তাদের মতামত ব্যক্ত করতে পারবেন। নতুন ওয়েবসাইট ব্যবহার করতে পারবেন ডেস্কটপ কম্পিউটার থেকে এবং ল্যাপটপ থেকে। এটি মোবাইল ও টেবলেটের মাধ্যমেও ব্যবহার করা যায়।

আমরা অনেক ব্যবহারকারী, স্টাফ এবং বাসিন্দাদের সাথে আলোচনা করেছি যাতে সাইটটি তাদের চাহিদা পূরণ করে তা নিশ্চিত করতে। আগামী মাসগুলোতে ওয়েবসাইটে আরও কিছু নতুন বিষয় সংযুক্ত করা হবে।

স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশনের চীফ এক্সিকিউটিভ রকি চার্লস বলেন, আমরা নতুন ওয়েবসাইট চালু করে অত্যন্ত আনন্দিত। আমাদের বাসিন্দা এবং যারা আমাদের সেবা ব্যবহার করেন তাদের সাথে আমরা যেভাবে যোগাযোগ করি এতে এটি বিশেষ অবদান রাখবে।

ম্যানেজমেন্টে পরিবর্তন

আমি স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশনে আনন্দে কাটিয়েছি এবং সকল স্টাফ ও বাসিন্দাদের আমাকে সহায়তা ও উৎসাহ প্রদানের জন্য ধন্যবাদ জানাতে চাই। সকল রেজিস্টার্ড হাউজিং সরবরাহকারীদের জন্য নতুন আইন কার্যকরী করায় এটা ছিল একটি চ্যালেঞ্জিং সময়। এসব চ্যালেঞ্জ মোকাবেলায় আমরা প্রস্তুত রয়েছি এবং এরজন্যে আমরা বিজনেস প্ল্যানে সকল প্রয়োজনীয় পরিবর্তন অন্তর্ভুক্ত করেছি। বিগত ১০ মাসের মধ্যে স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশন পেডলি স্ট্রীটে ৬৪টি বাসস্থান এবং ডিনমন্ট এস্টেটে দু'টি বাসস্থান গ্রহণ করেছে। আমরা আমাদের নিজস্ব জমিতে উন্নয়ন অব্যাহত রেখেছি এবং ভবিষ্যতের জন্য অনেক ডেভেলোপমেন্ট পাইপলাইনে আছে।

নতুন চীফ এক্সিকিউটিভ সু ফিলপট ১লা আগষ্ট ২০১৬ থেকে দায়িত্ব গ্রহণ করবেন। হাউজিং সেক্টরের এক্সিকিউটিভ পর্যায়ে ২৫ বছরের বেশি সময়ের কাজের অভিজ্ঞতা রয়েছে সু এর। তিনি স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশনের ঝান্ডা পরবর্তী পর্যায়ে নিয়ে যেতে প্রস্তুত রয়েছেন। করপোরেট গভর্ণ্যান্স, বিজনেস প্ল্যানিং, স্ট্র্যাটাজিক এবং বিজনেস ডেভেলাপমেন্টে সু ফিলপট ব্যাপক অভিজ্ঞতা রয়েছে।

আমি সুন্দরভাবে দায়িত্ব অর্পণের জন্যে আরও কিছু সময় এখানে রয়েছি। আমি যেহেতু নতুন স্থানে যাচ্ছি সেহেতু আপনাদের সবাইকে মিস করবো। আপনাদের সাথে কাজ করা এবং সেবা প্রদান করা ছিল অত্যন্ত আনন্দের।

রকি চার্লস
চীফ এক্সিকিউটিভ

অফিস ছুটির সময়ে মেরামত সেবা

অফিস ছুটির সময়ে মেরামত সেবা স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশন বাসিন্দাদের জন্য অফিসের সময়ের বাইরেও মেরামত সার্ভিস দিয়ে থাকে। এই সার্ভিস পেতে বাসিন্দাদের অফিস সময়ের বাইরে ফোন কলের মাধ্যমে মেরামত রিপোর্ট করতে হয়। দু:খজনক হলো এই সেবার অপব্যবহার করা হয়। আমাদের আউট অব আওয়ার্স টিম অর্থাৎ যারা অফিস সময়ের বাইরের মেরামত কাজ দেখেন তারা রিপোর্ট করেছেন ঐ সময় অনেক কল পাওয়া যায় যেগুলো সাধারণত ইমার্জেন্সি নয়।

নিম্নলিখিত কাজগুলো ইমার্জেন্সি বা জরুরী হিসাবে ধরা হয় এবং অফিস ছুটির সময়ে রিপোর্ট করা যায়।

- পাইপ ফেটে যাওয়া, পানি উপচে পড়া (গুরুতর লিক যা বন্ধ করা যাচ্ছেনা)
- অভ্যন্তরীন বিদ্যুত চলে যাওয়া
- পুরোপুরি পানি বন্ধ হয়ে যাওয়া
- ভিতরে বৃষ্টি পড়া
- অগ্নিকান্ডে ক্ষতি
- পানি জমে বন্যা হয়ে যাওয়া
- ঝড়ে ক্ষতি
- আপত্তিকর অথবা বর্ণবাদী গ্রাফিতি

যদি মেরামত কাজগুলো উল্লেখিত পর্যায়ের মধ্যে না পড়ে তাহলে এগুলো অফিস ছুটির সময়ে রিপোর্ট করা উচিত নয়। অনুগ্রহ করে মেরামতের জন্যে কল করার আগে বিষয়টি ভেবে দেখুন, আপনারা নিজেরাই নিজেকে এ বিষয়ে প্রশ্ন করুন। স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশনের অফিস সকালে খোলার পূর্ব পর্যন্ত অপেক্ষা করা যায় কিনা; আমরা সারা দিনব্যাপি ইমার্জেন্সি কাজের এপয়েন্টমেন্ট দিয়ে থাকি। চিন্তা করুন, আমি নিজে কি পানি বন্ধের মুল টেপ থেকে পানি সরবরাহ বন্ধ করে দিতে পারি অথবা এটি বন্ধ করে বা অন্য কোনভাবে লিক বন্ধ করে দিতে পারি। ভেবে দেখুন, আমি নিজে কি সুইচবোর্ড থেকে বিদ্যুতের সরবরাহ চালু করে নিতে পারি ইত্যাদি। সাম্প্রতিক কালে অফিস ছুটির সময়ে কলের সংখ্যা বেড়ে যাওয়ায় এবং বেশিরভাগ কলই আদৌ ইমার্জেন্সি না থাকায়, আমরা যে সমস্ত মেরামত কল প্রকৃতপক্ষে ইমার্জেন্সি বলে চিহ্নিত হবে না সে সব কাজের জন্যে চার্জ করবো। এখন থেকে অফিস ছুটির সময়ে যে কোন মেরামত কল পেলেই স্বয়ংক্রিয়ভাবে একজন মেরামতকারী ভিজিট করবেন এবং এতে এটি ইমার্জেন্সি কিনা তা পরীক্ষা নীরিক্ষা করার জন্য ফিল্টারিংয়ের সুযোগ নেই। সুতরাং আমরা আপনাদের বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি আপনারা কল করার আগে বিশেষভাবে ভেবে দেখুন এটি জরুরী কিনা।

অফিস ছুটির সময়ে সেবা চালু থাকে সপ্তাহ দিনে বিকাল ৫:৩০ মিনিট থেকে সকাল ৯:৩০ মিনিট পর্যন্ত এবং সপ্তাহান্তে, ব্যাংক হলিডে এবং পাবলিক হলিডেতে পুরো দিন। যেকোন ইমার্জেন্সি মেরামত কাজে উপস্থিত হওয়ার আমাদের লক্ষ্য হলো দুই ঘন্টা। অফিস ছুটির সময়ে একটি ইমার্জেন্সি কাজ রিপোর্ট করার জন্য ০২০ ৭৩৭৫ ৩৯৪৯ নম্বরে ফোন করুন। বয়লার ইমার্জেন্সির জন্য অনুগ্রহ করে রবার্ট হিথ হিটিং এর সাথে ০২০ ৮৩৩৬ ৬৭৬৭ নম্বরে যোগাযোগ করুন। তাছাড়া মেরামত কাজ রিপোর্ট করতে পারেন, সকাল ৯:৩০ থেকে বিকাল ৫:৩০ মিনিট পর্যন্ত ০৮০০ ৬৪৪ ৬৪৪১ / ০২০ ৭৩৯২ ৫৪০০ নম্বরে, অপশন ১ টিপুন।

ডিপলেক টেক্সট ম্যাসেজ সার্ভিস

মেরামত কাজ সম্পন্ন হওয়ার পরে জরীপ পরিচালনা করতে মেরামত ডিপার্টমেন্ট একটি টেক্সট ম্যাসেজ সার্ভিস ব্যবহার করে। একটি মেরামত কাজ সম্পন্ন হওয়ার পরে বাসিন্দারা প্রশ্নসহ টেক্সট ম্যাসেজ পান। বাসিন্দাদের কাজ সম্পর্কে মতামত দেয়ার জন্যে এর উত্তর দিতে হয়। রেসিডেন্ট কনসালটেশনের সময়ে এই জরীপ করার ব্যাপারে বাসিন্দারা মত দিয়েছেন।

অনেক বাসিন্দাই এখন মতামত দিচ্ছেন। সেবার মান উন্নয়ন এবং তা মনিটর করার জন্য এসোসিয়েশনের জন্য তা খুবই উপকারী। তথাপি এর উত্তরের বেলায় আমরা বাসিন্দাদের মধ্যে কিছু বিভ্রান্তি পরিলক্ষণ করেছি। স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশন যখন কোন সেবার ব্যাপারে খারাপ মন্তব্য পান তখন যোগাযোগ করলে দেখা যায়, বাসিন্দারা জরীপে যে মতামত দিয়েছেন তা অন্য কোন মেরামত কাজ সম্পর্কিত। এতে এসোসিয়েশনের তদন্তে সময় নষ্ট হচ্ছে এবং সন্তুষ্টির হারের উপর প্রভাব পড়ছে। সুতরাং বাসিন্দাদের কাছে আমাদের অনুরোধ আপনারা প্রকৃত মেরামত কাজের ব্যাপারে মতামত দিন, অতীতের কোন কাজের ব্যাপারে নয়। এতে সত্যিকারভাবে সন্তুষ্টির একটি হিসাব রেকর্ড করা যাবে। তথাপি আমরা আপনাদের আনন্দের সাথে জানাচ্ছি টেক্সট ম্যাসেজিং সেবা অনেক বাসিন্দাই ব্যবহার করছেন। এরমধ্যে অনেক ম্যাসেজই যথাযথভাবে পাঠানো হচ্ছেনা। অধিকাংশ ক্ষেত্রে এর কারণ হচ্ছে ম্যাসেজ ব্যবস্থা সঠিকভাবে অনুসরণ না করা। প্রত্যেক বাসিন্দাদের স্মরণ করিয়ে দেয়া যাচ্ছে এই নিয়ম অনুসরণ করুন।

টেক্সট ম্যাসেজিং সার্ভিস এর জন্যে ০৭৪০৭৪৬৮৫১৮ নম্বর ব্যবহার করুন এবং আপনার ম্যাসেজ এভাবে লিখে শুরু করুন।

RENTS ও হাউজিং অফিসারের সাথে যোগাযোগের জন্য
BAL ও আপনার রেন্ট একাউন্টের ব্যালেন্স জানার জন্য
REPAIR ও একটি রিপেয়ার বা মেরামত রিপোর্ট করার জন্য
CARD ও একটি নতুন পেমেন্ট কার্ড ওর্ডারের জন্য
DD ও রেন্ট এর জন্য ডিরেক্ট ডেবিট চালু করা বা পরিবর্তনের জন্যে

অনুগ্রহ করে মনে রাখবেন ম্যাসেজ শুরু করবেন উপরোক্ত যথাযথ শব্দ দিয়ে এবং ড্যাশ চিহ্ন দিয়ে এর সাথে আপনার আসল বক্তব্য তুলে ধরবেন। উদাহরণস্বরূপ একটি ম্যাসেজ এখানে দেয়া হলো। 'REPAIR – leak under kitchen sink'.

ডিপলেক সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে ম্যাসেজ যিনি পাঠিয়েছেন তাকে চিহ্নিত করবে যদি তার নম্বর রেজিস্টার করা থাকে। আপনি যদি সম্প্রতি আপনার নম্বর পরিবর্তন করে থাকেন অথবা একটি নতুন নম্বর রেজিস্টার করতে চান তাহলে অনুগ্রহ করে স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশনের কাস্টমার সার্ভিসের সাথে যোগাযোগ করুন এবং একজন এডভাইজারের সাথে কথা বলুন।

স্টাফ পরিবর্তন

আমাদের হাউজিং ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টে কিছু স্টাফ পরিবর্তন হয়েছে।
নুরুল ইসলাম, আমরা নিশ্চিত যে তাকে আমাদের প্রায় সকল বাসিন্দাই চিনেন, যিনি স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশনের সাথে বিগত দুই যুগেরও বেশি সময়কাল থেকে কাজ করছেন, তিনি এ বছরের প্রথম থেকে অবসর গ্রহণ করেছেন। আমরা তার অবসর গ্রহণ উপলক্ষে তাকে শুভেচ্ছা জানাচ্ছি।

আমরা আনন্দের সাথে জানাচ্ছি নুরুলের পদে ফুল টাইম হাউজিং অফিসার হিসাবে লিন্ডন জনাস যোগ দিয়েছেন এবং তাকে স্বাগত জ ানাচ্ছি। লিন্ডন একজন অভিজ্ঞ এবং যোগ্য হাউজিং অফিসার। বিভিন্ন লোকাল অথরিটি এবং হাউজিং এসোসিয়েশনে একই ধরণের কাজের ২০ বছরের অভিজ্ঞতা রয়েছে তার। লিন্ডনের একটি বিবৃতি দেয়া হয়েছে নিম্নে।

আমরা আনন্দের সাথে আমাদের টেন্যান্সি সাপোর্ট অফিসার (টিএসও) পলিন রোচকে পরিচয় করিয়ে দিচ্ছি যিনি এক বছর যাবত স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশনে পার্ট টাইম ভিত্তিতে কাজ করে আসছেন। পলিন অত্যন্ত অভিজ্ঞতা সম্পন্ন যার হাউজিং এবং ওয়েলফেয়ার বেনিফিট সম্পর্কে অনেক জ্ঞান রয়েছে। দুটি গুরুত্বপূর্ণ বিষয়ে তার ৩০ বছরের বেশি অভিজ্ঞতা রয়েছে। আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি পলিন এখন আমাদের হাউজিং ম্যানেজ মেন্ট টীমের একজন ফুল টাইম স্থায়ী সদস্য। পলিনের একটি বিবৃতিও সংযুক্ত করা হলো।

পলিন রোচ-টেন্যান্সি সাপোর্ট অফিসার (টিএসও)
আমি টেন্যান্সি সাপোর্ট অফিসার। আমি টেন্যান্টদের টেন্যান্সি রক্ষায় সহায়তা করি; বাসিন্দাদের ওয়েলফেয়ার বেনিফিট এবং টেন্যান্সি সংক্রান্ত বিষয়ে সহায়তা প্রদান করি। বাসিন্দারা যাতে তাদের আয় বাড়াতে পারেন সে ব্যাপারে সাহায্য করি। আমি তাদেরকে ওয়েলফেয়ার বেনফিট প্রাপ্তি সম্পর্কে, বাসিন্দাদের বেনিফিটের হিসাব এবং হাউজিং বেনিফিট ইত্যাদি সম্পর্কে তথ্য প্রদান সহ সাহায্য করি।

আমি নতুন টেন্যান্টদের সাথে কাজ করি। তাদের আর্থিক সামর্থ বিবেচনা, তাদের হাউজিং বেনিফিট এবং গ্রান্ট আবেদনে সহায়তা করি। যারা ওয়েলফেয়ার রিফর্মের কারণে প্রভাবিত হয়েছেন তাদেরকে এম্পলয়মেন্ট সাপোর্ট, টেন্যান্টদের অন্যান্য এজেন্সি কর্তৃক দেয়া প্রি এম্পলয়মেন্ট সাপোর্ট পেতে সহায়তা করি।

আমি হাউজিং ম্যানেজমেন্ট টীমের সাথে ঘনিষ্টভাবে কাজ করি।

আমার সাথে ০২০ ৭৩৯২ ৫৪২৩ নম্বরে যোগাযোগ করা যাবে।

আমি এই কথাগুলো আপনাদের নতুন হাউজিং অফিসার হিসাবে পরিচিত হওয়ার জন্য লিখলাম।

লিন্ডন জোনাস-হাউজিং অফিসার
লিজহোল্ড এবং হাউজিং ব্যবস্থাপনায় আমার ২০ বছরের অভিজ্ঞতা রয়েছে। আমি স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশনে কাজ করতে পেরে আনন্দিত। আমি বাসিন্দাদের যেকোন হাউজিং পরামর্শ, আয় ব্যবস্থাপনা সংক্রান্ত পরামর্শ এবং কিভাবে তাদের টেন্যান্সি রক্ষা করবেন সে ব্যাপারে পরামর্শ দিয়ে থাকি।

সকল বাসিন্দা যাতে তাদের বাড়িতে সুরক্ষিত ও নিরাপদ থাকেন তা নিশ্চিত করা আমার লক্ষ্য। আপনি যদি আমার সাথে দেখা করতে চান এবং আপনার টেন্যান্সি বিষয়ে কিছু আলোচনা করতে চান তাহলে অনুগ্রহ করে ০২০ ৭৩৯২ ৫৪০৬ নম্বরে ফোন করুন।

পার্কিং

আমাদের এস্টেটে পার্কিং ব্যবস্থার উন্নয়নে স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশন কার্যকর ব্যবস্থা গ্রহণ শুরু করেছে। যাদের বৈধ পার্কিং পারমিট রয়েছে তারা নির্ধারিত পার্কিং বে-তে বৈধভাবে গাড়ি পার্ক করতে পারবেন।

এস্টেটে ভীড় এবং বাধা বিপত্তি কমাতে পার্কিং ব্যবস্থা কার্যকর করা অত্যন্ত জরুরী এবং এতে বাসিন্দাদের জন্য একটি সুন্দর পরিবেশ সৃষ্টি করতে সহায়তা হয়।

আমাদের বর্তমানে পার্কিং এবং টিকেটিং সম্পর্কে একটি চুক্তি রয়েছে যাতে নিয়মিত এলাকায় টহল দিচ্ছে ওয়ার্ডেনরা। বাসিন্দারা আমাদের জ ানিয়েছেন এই ব্যবস্থাটি ভালভাবে কাজ করছে এবং যে উন্নতি হয়েছে এতে তারা আনন্দিত।

যাদের বৈধ পার্কিং পারমিট রয়েছে তারা মনে রাখবেন তা যেন সব সময়েই গাড়িতে প্রদর্শিত হয়।

বাসিন্দা যারা কার ফ্রি বাসস্থানে বসবাস করেন তাদের জন্যে পার্কিংয়ের ব্যবস্থা নেই। আপনি যদি একজন ব্লু ব্যাজধারী হন এবং আপনার এস্টেটে পার্কিং এর ব্যবস্থা না থাকে তাহলে অনুগ্রহ করে কাউন্সিলের সাথে যোগাযোগ করুন।

তারা হয়তো আপনাকে বাসস্থানের কাছাকাছি স্ট্রীট পার্কিং এর ব্যবস্থা করে দিতে পারে।

সফলতার কাহিনী

হুসনা পারভিন, আর্টিষ্ট স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশনের বাসিন্দা

আমরা আনন্দের সাথে জানাচ্ছি আমাদের বাসিন্দা হুসনা পারভিন মে ২০১৬ এ রিচমিক্সে অনুষ্ঠিত ফ্রুট কার্বিং এক্সিবিশনে তার শৈল্পিক কাজ প্রদর্শন করেছেন। অনুগ্রহ করে প্রমাণস্বরুপ ছবিগুলো দেখুন! ইন্টারন্যাশনাল উইম্যান্স ডে ২০১৬ এর ফলেই তা সম্ভব হয়েছে এবং এম্পলয়মেন্ট এ্যান্ড এন্টারপ্রাইজ দিবসে উইম্যান্স সার্কেল স্টল থেকেই বাসিন্দারা এ ব্যাপারে অনুপ্রাণিত হয়েছেন।

আমরা একসঙ্গে মিলে কাজ করেছি আমাদের আউটরীচ এবং পার্টনারশীপ ওয়ার্ক এর ফলে সেদিন আমাদের অনেক সাফল্যগাঁথা রয়েছে। তাছাড়া হুসনাকে ফেইস অব আইডিয়া স্টোর ২০১৬ হিসাবে নিয়োগ দেয়া হয় এবং তিনি নিজেই এই প্রদর্শনীর ব্যবস্থা করেছেন। আমরা আপনার মেধা ও সাফল্য তুলে ধরতে সহায়তায় বিশ্বাস করি। অনেক অভিনন্দন হুসনা!

আপনার ব্লক পরিস্কার রাখার ব্যাপারে আপনার দায় দায়িত্ব

আপনি যদি এমন একটি ব্লকে বাস করেন যেখানে ল্যান্ডিংস, সিঁড়ি, হাঁটার পথ ইত্যাদি যৌথ এলাকা থাকে তাহলে এসব স্থানে আপনার ব্যক্তিগত বা অন্য কোন জিনিস পত্র যাতে না থাকে তা নিশ্চিত করুন।

আপনার ব্লক পরিস্কার রাখার ব্যাপরে আপনার দায় দায়িত্ব

আপনার টেন্যান্সি বা লিজ এর শর্ত হচ্ছে আপনি যৌথ এলাকা যেমন, বহির্গমন, প্রবেশপথ ইত্যাদিতে প্রতিবন্ধকতা সৃষ্টি করবেন না অথবা আবর্জনা ফেলে রাখবেন না।

যৌথ এলাকায় আবর্জনা ফেলে রাখা মানে হচ্ছে

- জরুরী নির্গমন পথে বাধার সৃষ্টি করা
- ফায়ার ডোর অর্থাৎ অগ্নিকান্ডে জরুরী বাইরে যাওয়ার পথ বন্ধ করা
- হোচঁট খাওয়া অথবা পিছলে পড়ার ঝুঁকি সৃষ্টি করা

এছাড়া ব্লকে অন্যান্য বাসিন্দা যারা থাকেন তাদের জন্য এটি দৃষ্টিকটু হতে পারে।

যৌথ এলাকায় কোন কিছু পাওয়া গেলে সাথে সাথে তা বাসিন্দাদের সরিয়ে ফেলার জন্যে বলা হবে। তারা যদি তা না সরান তাহলে আমরা সরিয়ে নেব, কিন্তু এগুলো ফেরত পাওয়ার আগে তা সরানোর খরচ আমরা তাদের কাছ থেকে আদায় করতে পারি।

বাচ্চাদের বাগিস, পুশ চেয়ার ইত্যাদি বাচ্চাদের বাগিস কোন অবস্থায়ই যৌথ এলাকায় রাখবেন না, কারণ

- এগুলো আপনার এবং অন্যান্যদের জরুরী অবস্থায় ব্লক থেকে বের হওয়ার পথে প্রতিবন্ধকতার সৃষ্টি করে
- ফায়ার ডোরে বাধার সৃষ্টি করে
- যদি আগুন লাগে তাহলে বিষাক্ত গ্যাস এবং ধুঁয়ার সৃষ্টি করে

আপনি অবশ্যই আপনার বাগি আপনার ঘরে রাখবেন অথবা আপনার শেড থাকলে সেখানে রাখবেন।

বাইক
বাইক পথে বাধার সৃষ্টি করে এবং কারো উপর পড়লে আঘাত পেতে পারেন। আপনি যদি আপনার বাইক সিঁড়ির রেলিং এর সাথে চেইন দিয়ে রাখেন তাহলে অত্যন্ত বিপদজনক হতে পারে। কারণ ইমার্জেন্সি বা জরুরী অবস্থায় অন্যান্য বাসিন্দাদের রেলিং ধরতে অসুবিধা হতে পারে। আপনার যদি স্টোরেজ এর জায়গা থাকে তাহলে এটি সেখানে রাখবেন।

আপনার বাসার পাশে হয়তো কোন স্থান থাকতে পারে যেখানে আপনি বাইক রাখতে পারেন। অনুগ্রহ করে হাউজিং অফিসারকে এ ব্যাপারে জিজ্ঞেস করুন।

পোষাপ্রাণী

আপনি অবশ্যই:

- আপনার পোষা প্রাণীকে খোলামেলাভাবে তত্বাবধান ছাড়া ঘুরতে দিবেন না।
- খাবার বা থালা বাসন ইত্যাদি যৌথ এলাকায় রাখবেন না

আবর্জনা
আপনারা অবশ্যই কোন বর্জ্য অথবা অপ্রয়োজনীয় জিনিসপত্র দরজার বাইরে রাখবেন না এমনকি তা যদি একটি ব্যাগে ভরা থাকে তাহলেও। সকল আবর্জনা ঘরে রাখুন যতক্ষণ পর্যন্ত না আপনি তা শুটে ফেলেন বা বিনে না নিয়ে যান। আপনার যদি বৃহৎ আকারের জিনিসপত্র বা আবজনা থাকে তাহলে তা ফেলার জন্যে ষ্ট্রীটলাইনে ০২০ ৭৩৬৪ ৫০০৪ নম্বরে ফোন করে আবেদন করতে পারেন।

গুরুত্বপূর্ণ যোগাযোগ

পুলিশ

ইমার্জেন্সি নয় এমন কারণে ১০১

ইমার্জেন্সির জন্য ৯৯৯
এন্টিসোশ্যাল বিহেভিয়ার ১০১

ড্রাগ সংক্রান্ত ব্যাপারে
১০১ ডায়াল করুন অথবা ক্রাইমস্টপারে ০৮০০ ৫৫৫ ১১১ নম্বরে ফোন করুন

পরিবেশ এবং আবর্জনা
কমার্শিয়াল আবর্জনা ফেলা, যথতত্র আবর্জনা ফেলে রাখা, পরিবেশ চ্যাম্পিয়ন, ফ্লাই পোস্টিং, গ্রাফিতি, আবর্জনা এবং বিন, ফুটপাথ, রাস্তার গর্ত, রিসাইক্লিং, আবর্জনা সংগ্রহ, রাস্তা পরিস্কার এবং রাস্তার বাতি ইত্যাদি বিষয়ে যোগাযোগ ষ্ট্রীটলাইন ০২০ ৭৩৬৪ ৫০০৪

হিংসাত্মক অপরাধ ০৮০০ ১৩৮ ০৫২১ - ২৪ ঘন্টা
বর্ণবাদী এবং অন্যান্য ধরণের হয়রানি যা বয়সের কারণে, অক্ষমতা, ধর্ম ও যৌন অভ্যাসের কারণে অথবা হিংসাত্মক আচরণের জন্য উপরের নম্বরে ফোন করুন।

অগ্নিকান্ড
৯৯৯ ইমার্জেন্সিতে ফোন করুন

শব্দ দুষণ
আপনি যদি শব্দ দুষণের ব্যাপারে কারো সাথে কথা বলতে চান তাহলে ফোন করুন ০২০ ৭৩৬৪ ৫০০৭

সেইফগার্ডিং
চাইল্ড প্রটেকশন বা শিশু নিরাপত্তা

আপনার যদি কোন শিশু সম্পর্কে উদ্বেগ থাকে অথবা শিশু নিরাপত্তা বিষয়ে কিছু জানানোর থাকে তাহলে যোগাযোগ করুন ০২০ ৭৩৬৪ ৫০০৬